প্রথম আলো

তারিখঃ ১৯-০৬-২০২৫ (পৃষ্ঠাঃ ০৬)

, ৫ আষাঢ় ১৪৩২

যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি গ্রেপ্তার

# নতুন তিনটি ধানের জাত উদ্ভাবন

সুখবর

**নতুন উদ্ভাবিত তিনটি জাতসহ এখন পর্যন্ত ব্রি ১২১টি জাত উদ্ভাবন করেছে, যার মধ্যে ৮টি উচ্চফলনশীল বা হাইব্রিড।**

**প্রতিনিধি**, *গাজীপুর*

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) লবণাক্ততা সহনশীল, একটি উচ্চফলনশীল বোরো ও ব্লাস্ট রোগপ্রতিরোধী তিনটি নতুন ধানের জাত উদ্ভাবন করা হয়েছে। নতুন উদ্ভাবিত তিনটি জাতসহ এখন পর্যন্ত ব্রি ১২১টি জাত উদ্ভাবন করেছে, যার মধ্যে ৮টি উচ্চফলনশীল বা হাইব্রিড।

নতুন ওই তিনটি জাত হচ্ছে লবণাক্ততা সহনশীল ব্রি-১১২, উচ্চফলনশীল বোরো ব্রি-১১৩ ও ব্লাস্ট রোগপ্রতিরোধী ব্রি-১১৪।

জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ১১৪তম সভায় গতকাল বুধবার নতুন ওই তিনটি জাত অনুমোদন দেওয়া হয়। সভায় কৃষি মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান সভাপতিত্ব করেন। সভায় ব্রির মহাপরিচালক মোহাম্মদ খালেকুজ্জামানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট সূত্রে জানা গেছে, নতুন উদ্ভাবিত জাতগুলোর মধ্যে ব্রি ধান-১১২ লবণাক্ততা সহনশীল ও মাঝারি জীবনকালীন রোপা আমনের জাত। এ জাতের ডিগপাতা (ধানগাছের সবচেয়ে ওপরের পাতা) প্রচলিত ব্রি ধান ৭৩ এর চেয়ে খাড়া। ব্রি ধান-১১২ লবণাক্ততার মাত্রাভেদে হেক্টরপ্রতি ৪ দশমিক ১৪ থেকে ৬ দশমিক ১২ টন ফলন দিতে সক্ষম। এ জাতের জীবনকাল ১২০ থেকে ১২৫ দিন এবং গাছের উচ্চতা ১০৩ থেকে ১০৫ সেন্টিমিটার। গাছের কাণ্ড মজবুত এবং ঢলে পড়া প্রতিরোধী। চাল মাঝারি চিকন, সাদা এবং ভাত ঝরঝরে। এটি লবণাক্ততা সহ্য করতে পারে। দানা মাঝারি চিকন ও শীষ থেকে ধান সহজে



লবণাক্ততা সহনশীল ব্রি-১১২



উচ্চফলনশীল বোরো ব্রি-১১৩



ব্লাস্ট রোগপ্রতিরোধী ব্রি-১১৪

সহনশীল শর্ষে আবাদের সুযোগ তৈরি হবে।

ব্রি ধান-১১৩ জাতটি বোরো মৌসুমের জনপ্রিয় জাত ২৯ এর বিকল্প হিসেবে ছাড়করণ করা হয়েছে। এটি মাঝারি চিকন দানার উচ্চফলনশীল জাত। এ জাতের ডিগপাতা খাড়া, প্রশস্ত ও লম্বা এবং ধান পাকলেও সবুজ থাকে। গাছ শক্ত এবং মজবুত বিধায় সহজে হেলে পড়ে না। জাতটির গড় জীবনকাল ১৪৩ দিন। চালের আকৃতি মাঝারি চিকন এবং রং সাদা, দেখতে অনেকটা নাজিরশাইলের মতো। এ ধানের চালে অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৮ ভাগ এবং ভাত ঝরঝরে। এ ছাড়া প্রোটিনের পরিমাণ শতকরা ৮ দশমিক ৪ ভাগ।

> **নতুন জাতগুলোর মধ্যে বিভিন্ন বৈশিষ্ট্য থাকলেও সবগুলো অধিক ফলন দেবে। জাত তিনটি চাষাবাদ করে কৃষকেরা লাভবান হতে পারবেন।**
>
> **খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা**, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান

ব্যবস্থাপনা করলে এ জাতটি হেক্টরে ১০ দশমিক ১ টন পর্যন্ত ফলন দিতে সক্ষম।

ব্রি ধান-১১৪ বোরো মৌসুমের দীর্ঘ জীবনকালীন ব্লাস্ট রোগপ্রতিরোধী জাত। এ জাতের ডিগপাতা খাড়া, প্রশস্ত ও লম্বা, গাছ মজবুত এবং হেলে পড়ে না। পাতার রং গাঢ় সবুজ। এর গড় ফলন হেক্টরপ্রতি ৭ দশমিক ৭৬ টন। দানা মাঝারি মোটা এবং সোনালি বর্ণের। ভাত ঝরঝরে। জাতটির বিশেষ বৈশিষ্ট্য হলো ব্লাস্ট রোগপ্রতিরোধী।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

সমকাল

তারিখঃ ১৯-০৬-২০২৫ (পৃষ্ঠাঃ ১২)






নতুন জাতগুলোর মধ্যে ব্রি ধান-১১২ মাঝারি মেয়াদি রোপা আমনের জাত। লবণাক্ত জমির জন্য এটি উপযোগী ■ সমকাল

# এলো নতুন তিন জাতের ধান

■ সমকাল প্রতিবেদক

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) উদ্ভাবিত লবণাক্ততা সহনশীল, উচ্চফলনশীল বোরো ও ব্লাস্ট রোগ প্রতিরোধী– এমন তিনটি নতুন ধানের জাতের অনুমোদন দিয়েছে জাতীয় বীজ বোর্ড (এনএসবি)। কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ানের সভাপতিত্বে অনুষ্ঠিত এনএসবির ১৪৪তম সভায় এসব জাতের অনুমোদন দেওয়া হয় বলে গতকাল ব্রির সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

ব্রি জানায়, নতুন উদ্ভাবিত তিন জাতসহ সংস্থাটি এখন পর্যন্ত মোট ১২১টি ধানের জাত উদ্ভাবন করেছে, যার মধ্যে ৮টি হাইব্রিড জাত।

নতুন জাতগুলোর মধ্যে ব্রি ধান-১১২ একটি মাঝারি মেয়াদি রোপা আমনের জাত, যা লবণাক্ত জমির জন্য উপযোগী। চারা অবস্থায় এটি ১২ ডিএস/মি. পর্যন্ত লবণাক্ততা সহ্য করতে পারে। এ জাতের জীবনকাল ১২০-১২৫ দিন এবং গড় উচ্চতা ১০৩-১০৫ সেন্টিমিটার। প্রতি হেক্টরে ফলন ৪.১৪ থেকে ৬.১২ টন, যা এর মাতৃজাত ব্রি ধান-৭৩ এর তুলনায় ১-১.৫ টন বেশি। প্রতি শীষে গড়ে ২১০টি পূর্ণ দানা থাকে, যা ব্রি ধান-৭৩ এর তুলনায় ৮০-৯০টি বেশি। চাল মাঝারি চিকন, সাদা এবং রান্নার পর ভাত ঝরঝরে হয়। ফসল কাটার পর উপকূলীয় এলাকায় সূর্যমুখী ও লবণ সহনশীল সরিষা চাষের সুযোগ তৈরি হয় বলে জানান গবেষকরা।

ব্রি ধান-১১৩ জাতটি বোরো মৌসুমের জন্য উদ্ভাবিত এবং জনপ্রিয় জাত ব্রি ধান-২৯ এর বিকল্প হিসেবে বিবেচিত হচ্ছে। জাতটির জীবনকাল গড়ে ১৪৩ দিন, গাছের উচ্চতা ১০২-১০৫ সেন্টিমিটার। চাল মাঝারি চিকন ও সাদা, অনেকটা নাজিরশাইল ধানের মতো দেখতে। ১০০০টি দানার গড় ওজন ১৯.৪ গ্রাম। এতে প্রোটিনের পরিমাণ ৮.৪ শতাংশ। প্রস্তাবিত ফলন পরীক্ষায় এ জাতটি ব্রি ধান-৮৮ এর তুলনায় ১১.৫ শতাংশ বেশি ফলন দিয়েছে। গড় ফলন প্রতি হেক্টরে ৮.১৫ টন হলেও উন্নত ব্যবস্থাপনায় তা ১০.১ টন পর্যন্ত হতে পারে।



বোরো মৌসুমের জন্য ব্রি ধান-১১৩ জাত

তৃতীয় জাতটি ব্রি ধান-১১৪, যা ব্লাস্ট রোগ প্রতিরোধী এবং দীর্ঘ জীবনকালীন বোরো জাত। গড় জীবনকাল ১৪৯ দিন। গড় ফলন প্রতি হেক্টরে ৭.৭৬ টন হলেও উপযুক্ত পরিচর্যায় তা ১০.২৩ টন পর্যন্ত যেতে পারে। চাল মাঝারি মোটা ও সোনালি বর্ণের। ১০০০টি ধানের ওজন ১৭.৪ গ্রাম এবং রান্নার পর ভাত ঝরঝরে হয়। ব্রি জানায়, ব্লাস্ট রোগের কারণে যেসব এলাকায় ধানের ফলন কমছে, সেসব এলাকায় এই জাতটি চাষ করে কৃষকরা উপকৃত হবেন।

ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান বলেন, আমাদের লক্ষ্য পরিবেশ ও চাষোপযোগী অঞ্চলভেদে জাত উদ্ভাবন। যাতে কৃষকের আয় বাড়ে এবং খাদ্য নিরাপত্তা আরও শক্ত হয়। নতুন এ জাতগুলোর মাধ্যমে জলবায়ু পরিবর্তন, লবণাক্ততা ও রোগবালাই মোকাবিলায় কৃষকের সক্ষমতা আরও বাড়বে।

daily sun
TRUE AND IMPARTIAL

Date: 19-06-2025 (Page: B4)

# BRRI develops three new salt-tolerant rice varieties

**Daily Sun Report,** *Dhaka*



**The** Bangladesh Rice Research Institute (BRRI) has developed three new rice varieties: one salt-tolerant, one high-yielding Boro variety, and one resistant to blast disease.

These new varieties received approval at the 114th meeting of the National Seed Board (NSB), bringing hope to farmers across the country.

The meeting was chaired by Md Emdad Ullah Mian, secretary of the Ministry of Agriculture, with BRRI Director General Dr Md Khalequzzaman and senior officials from relevant ministries and departments in attendance.

With the addition of these three new varieties, BRRI has so far developed a total of 121 rice varieties, including 8 hybrid ones.

Among the newly developed varieties, BRRI dhan112 is a salt-tolerant, medium-duration transplanted Aman variety. The flag leaf of this variety is more erect than that of the popular BRRI dhan73.

Depending on the level of salinity, BRRI dhan112 can yield between 4.14 and 6.12 tonnes per hectare, which is 1.0 to 1.5 tonnes per hectare higher than its parent variety, BRRI dhan73.

The life cycle of this variety is 120–125 days, and plant height ranges from 103 to 105 cm. The plant has strong stems and is tolerant to lodging.

On average, the panicles bear 210 filled grains, which is 80 to 90 more than BRRI dhan73. The presence of the Gn1a gene contributes to the increased number of spikelets per panicle. The grains are medium-slender, white, and produce fluffy rice.

A key feature of BRRI dhan112 is its ability to tolerate 12 dS/m salinity during the seedling stage (for up to three weeks). Furthermore, it can withstand 8 dS/m salinity across all salt-sensitive growth stages, from vegetative to reproductive phases, and still produce a yield.

The variety is also resistant to grain shattering. Due to its relatively shorter life cycle, it creates opportunities for post-rice cultivation of sunflower and salt-tolerant mustard on medium-high to high land in coastal saline areas.

BRRI dhan113 has been released as a high-yielding alternative to the popular Boro season variety BRRI dhan29.

This variety produces medium-slender grains. The flag leaf is erect, wide, and long, and the plant remains green even at maturity. The average height of mature plants is 102 to 105 cm, and the plant is strong and lodging-resistant.

The variety has a life cycle of 143 days. The weight of 1,000 filled grains averages 19.4 grams. The grain is medium-slender and white, resembling that of the Nizershail variety.

The amylose content in this rice is 28.0%, and the cooked rice is fluffy. The protein content is 8.4%. In yield trials, BRRI dhan113 showed 11.5% higher yield than BRRI dhan88, averaging 8.15 tons per hectare. Under optimal conditions and proper management, this variety can yield up to 10.1 tonnes per hectare.

BRRI dhan114 is a long-duration, blast disease-resistant variety for the Boro season. The flag leaf is erect, wide, and long. The plant is sturdy and does not lodge. Leaves are dark green. The average yield is 7.76 tonnes per hectare, though it can yield up to 10.23 tonnes per hectare under proper care.

The grain is medium-bold and golden-colored. The life cycle of this variety is 149 days, which is similar to that of the popular BRRI dhan89. The weight of 1,000 filled grains is 17.4 grams. The amylose content is 27.0%, and protein content is 7.7%, with the rice being fluffy when cooked. The key feature of this variety is its resistance to blast disease.